

TEST-2

1) সঠিক উত্তর নির্বাচন কর (18 x 1)

1. কেবলমাত্র সত্য বা মিথ্যা হতে পারে – (বচন / পদ / শব্দ / যুক্তি)
2. সম্বন্ধ অনুসারে বচন কয় প্রকার ? (দুই / তিন / চার / ছয়)
3. গুণ ও পরিমাণ অনুসারে বচন কয় প্রকার ? (দুই / তিন / চার / ছয়)
4. বচন হল ভাষায় প্রকাশিত – (অবধারণ / ইচ্ছা / চিন্তা / অনুমান)
5. নিরপেক্ষ বচনের কয়টি অংশ ? (১টি / ২টি / ৩টি / ৪টি)
6. সত্যতা বা মিথ্যাত্ব কীসের ধর্ম ? (বচন / পদ / শব্দ / যুক্তি)
7. প্রাকল্পিক বচনের কয়টি অংশ ? (১টি / ২টি / ৩টি / ৪টি)
8. কোন বচনের কেবলমাত্র উদ্দেশ্য পদ ব্যাপ্য ? (সামান্য / বিশেষ / সদর্থক / নঞর্থক)
9. কোন বচনের কেবলমাত্র বিধেয় পদ ব্যাপ্য ? (সামান্য / বিশেষ / সদর্থক / নঞর্থক)
10. সার্বিক বচনে কোন পদ ব্যাপ্য ? (উদ্দেশ্য / বিধেয় / বিরুদ্ধ / বিপরীত)
11. গঠন অনুসারে বচন কয় প্রকার ? (দুই / তিন / চার / ছয়)
12. সাপেক্ষ বচন কয় প্রকার ? (দুই / তিন / চার / ছয়)
13. কোন বচনে শুধুমাত্র বিধেয় পদ ব্যাপ্য ? (A / E / I / O)
14. একটি বচনের কয়টি অংশ ? (১টি / ২টি / ৩টি / ৪টি)
15. সংযোজক কি ? (শব্দ / পদ / চিহ্ন / প্রতীক)
16. বচনের প্রতীকায়িত রূপটিকে কি বলে ? (যুক্তির আকার / বাক্যকার / বচনকার / কোনটির নয়)
17. বচনের কোন অংশ বচনের পরিমাণ নির্দেশ করে ? (উদ্দেশ্য / মানক / বিধেয় / সংযোজক)
18. 'রাম না এলে শ্যাম যাবে' – এটি কি বচন ? (সাপেক্ষ / নিরপেক্ষ / সংশ্লেষক / বিশ্লেষক)

2) গুণ বলতে কি বোঝ ? পরিমাণ বলতে কি বোঝ ? গুণ ও পরিমাণের ভিত্তিতে নিরপেক্ষ বচনের শ্রেণীবিভাগ কর ? ২+২+৪

অথবা, নিম্নলিখিত বাক্যগুলিকে আদর্শ আকারে রূপান্তরিত করে গুণ ও পরিমাণ নির্দেশ করো ।

১+১×৪

- a) অসৎ ব্যক্তির কদাচিৎ সুখী হয়
- b) কেবলমাত্র হিন্দুরাই শিব পূজা করে
- c) কোন কিছুই একসঙ্গে সাদা ও কালো হতে পারে না
- d) সাদা বাঘ আছে

3) বচন কাকে বলে ? বচনের কয়টি অংশ ও কি কি ? নিরপেক্ষ ও সাপেক্ষ বচনের মধ্যে পার্থক্য দৃষ্টান্তসহ উল্লেখ কর । ২+২+৪

অথবা, নিম্নলিখিত বাক্যগুলিকে আদর্শ আকারে রূপান্তরিত করে কোন কোন পদ ব্যাপ্য বা অব্যাপ্য- তা নির্দেশ করো । ১+১×৪

- a) যে কেহ কাজটি করতে পারে
- b) দার্শনিকেরা কখনোই সুখী নয়
- c) বিনয় ছাড়া সৎ কাজ হয় না
- d) অধিকাংশ ছাত্রই নিষ্ঠার সঙ্গে তর্কবিদ্যা পাঠ করে না

End